জীবননগরে সাংবাদিককে হত্যার হুমকি প্রতিবাদে মানববন্ধন ও প্রতিবাদ

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার মনোহরপুর ইউনিয়নের মাধবখালী গ্রামের চিহ্নিত মাদক ব্যবসায়ী রাজন সাংবাদিক জামাল হোসেনকে হত্যার হুমকি দেয়ার প্রতিবাদে গতকাল মঙ্গলবার সকালে জীবননগর শহরের বাসস্ট্যান্ড চত্বরে মানববন্ধন ও প্রতিবাদ সভা করেছেন সাংবাদিকরা।

জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি জাহিদ বাবুর সভাপতিত্বে অনুষ্ঠিত মানববন্ধন ও প্রতিবাদ সভায় বক্তব্য রাখেন-চুয়াডাঙ্গা জেলা প্রেসক্লাবের সিনিয়র সদস্য ও ৭১ টিভি চ্যানেলের জেলা প্রতিনিধি এমএ মামুন, দর্শনা প্রেসক্লাবের সভাপতি ইকরামুল হক পিপুল, মহেশপুর প্রেসক্লাবের সাংগঠনিক সম্পাদক শহিদুল ইসলাম, সিনিয়র সদস্য আব্দুর রহিম,জীবননগর প্রেসক্লাবের সিনিয়র সহ-সভাপতি নারায়ণ ভৌমিক, হাসাদহ প্রেসক্লাবের সভাপতি মতিয়ার রহমান, উথলী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক নয়ন আহমেদ, মনোহরপুর ইউনিয়ন পরিষদের সংশ্লিষ্ট ওয়ার্ডের মেম্বার জমির উদ্দিন, জীবননগর সাংবাদিক সমিতির উপদেষ্টা সাংবাদিক সামসুল আলম, আতিয়ার রহমান, সদস্য নুর আলম, হাকিম আলী।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, সংযুক্ত আরব আমিরাতের আর টিভি প্রতিনিধি এস এম সাফায়েত উল্লাহ, রিপন হোসেন, মোতাসিন বিল্লাহরাসেল হোসেন মুন্না, আল আমিন মোল্লা, বাংলা টিভির জেলা প্রতিনিধি মামুন মোল্যা, সম্রাট হোসেন, সুমি প্রধান প্রমুখ।

ঝিনাইদহে জেলা বিএমএর সাধারণ

সম্পাদক ডাঃ রাশেদ আল মামুনকে হত্যার হুমকি

ঝিনাইদহে জেলা বিএমএর সাধারণ সম্পাদক ডাঃ রাশেদ আল মামুনকে হত্যার হুমকি দিয়েছে সন্ত্রাসীরা। এ ঘটনায় তিনি সন্ত্রাসীদের নাম উল্লেখ করে সদর থানায় একটি সাধারণ ডায়েরি করেছেন।

লিখিত অভিযোগে জানা যায়, শহরের আরাপপুর খাজুরা এতিমখানা মোড় এলাকার লুৎফর রহমানের ছেলে রাশেদ (৩৫) ও একই এলাকার এবাদত আলীর ছেলে রাজু (৩০)সহ আরও ৩/৪ জন অজ্ঞাতনামা সন্ত্রাসী গত ৩০ মার্চ দুপুর ২:৪৫ মিনিটের সময় আল মামুন হাসপাতালের নিজ চেম্বারে রোগী দেখে ফেরার পথে হাসপাতাল গেটে ডা: রাশেদ আল মামুনের গতিরোধ করে এবং প্রাণ নাশের হুমকি দিতে থাকে। এক পর্যায়ে হুমকিদাতারা তাদের পকেট থেকে একটি দেশীয় অস্ত্র বের করে আমাকে হত্যার উদ্দেশ্যে মারতে আসলে ডা: রাশেদ আল মামুন দৌড়ে ক্লিনিকে ঢুকে জীবন রক্ষা করে।

ডা: রাশেদ আল মামুন বলেন, ওরা আমাকে হত্যা করতে না পেরে হুমকি দিতে থাকে। তিনি বলেন, পূর্বে আমি শৈলকুপা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা হিসাবে কর্মরত থাকাকালীন সময়ে ডাঃ মাহবুব পারভেজ এর কিছু অনিয়ম ও দূর্নীতি অভিযোগের ভিত্তিতে স্বাস্থ্য মন্ত্রণালয় তাহার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করে। সেই সূত্র ধরে ১ নং বিবাদী তাহার ছোট ভাই পরিচয় দিয়ে তাদের মধ্যে কেস মিমাংসার জন্য আমাকে প্রাণ নাশের হুমকি দিয়ে যায়। তিনি আরও বলেন, আমি যদি উক্ত কেস দ্রুত মিমাংসা না করি তাহলে বিবাদীরা আমাকে যেকোন সময় বড় ধরনের ক্ষতি করতে পারে। এমতাবস্থায় জীবনের নিরাপত্তা চেয়ে ঝিনাইদহ সদর থানায় একটি সাধারণ ডায়েরি করেছি।

এ বিষয়ে ঝিনাইদহ সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) শাহীন উদ্দিন জানান, জেলা বিএমএর সাধারণ সম্পাদক ডাঃ রাশেদ আল মামুন এর হত্যার হুমকির বিষয়ে একটি লিখিত অভিযোগ পেয়েছি। তদন্ত স্বাপেক্ষে দোষিদের বিরুদ্ধে আইননানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

দামুড়হুদায় জোর পূর্বক জমি দখলের চেষ্টা : হত্যার হুমকি

দামুড়হুদায় প্রতিপক্ষের লোকজন মহিউদ্দিন ছেলে ছানোয়ারুল নামের এক ব্যক্তির জমি জোর পূর্বক দখলের চেষ্টা চালিয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। দখলে বাঁধা দেওয়ায় প্রতিপক্ষের লোকজন হত্যার হুমকি দিয়েছে বলেও অভিযোগ উঠেছে।

জানাগেছে, গতকাল শুক্রবার বেলা ১১ দিকে উপজেলার কুড়ুলগাছি ইউনিয়নের ধান্যঘরা গ্রামের বাগান মাঠ এলাকায় এ ঘটনা ঘটে। জমির মালিক মহিউদ্দিনের ছেলে ছানোয়ারুল জানান, কুড়ুলগাছির ধান্যঘরার বাগান মাঠ এলাকায় ২ কাটা জমি বাপ দাদার জমি দীর্ঘদিন ধরে ভোগ দখল করে শান্তিপূর্নভাবে চাষবাদ করছি ।

কিন্ত একই মাঠের পাশের জমির মালিক গনি মিস্ত্রির ছেলে প্রভাবশালী আসাদুল মিস্ত্রি(৫৪),ও এবং মোশারফ মিস্ত্রির ছেলে কামাল মিস্ত্রি (৩৮) ও জাকির মিস্ত্রি (৩৫), সাত্তার মিস্ত্রির ছেলে সবেদারমিস্ত্রি(৪০) সহ অজ্ঞাত ৪/৫ জন বেশকিছুদিন ধরে মহিউদ্দিনের ছেলে ছানোয়ারুল কাদির জমি জোর পূর্বক দখলের পায়তারা করে আসছিল। গত সোমবার সন্ধ্যার সময় ছানোয়ার তার জমি দেখে বাড়ি ফেরার সময় আসাদুল মিস্ত্রি গং দেশীয় অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে তার জমি জোর পুর্বক দখল করার চেষ্টা করে ও জমির বেড়া তুলে ফেলে দেয় এসময় ছানোয়ারুল বাঁধা দিলে তাকে মারধর করে কাটতে যায় সে সময় কৌশলে পালিয়ে আসে ছানোয়ার।

তারাই জের ধরে শুক্রবার বেলা ১১ টার আবারো আসাদুল মিস্ত্রি রহমানসহ অজ্ঞাত ৪/৫ জন দেশীয় অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে তার জমি পুনরায় জোর পূর্বক দখলের চেষ্টা চালায়। এসময় বাঁধা প্রদান করলে প্রতিক্ষের লোকজন ছানোয়ারকে অস্ত্রশস্ত্র দিয়ে ধাওয়া করে।

ছানুয়ারুলের -চিৎকারে আশপাশের লোকজন এগিয়ে আসলে প্রতিক্ষের লোকজন চলে যায়। পরে নিজে বাঁচার জন্য আসাদুল মিস্ত্রি নিজের জমির আলের ধারে থাকা ছোট ছোট মেহগনি চারা গাছ বহুলোকের সামনেই গাছগুলো কেটে প্রতিপক্ষকে ফাঁসাতে চাচ্ছে।

এ বিষয়ে দর্শনা থানার এএসআই তুহিন জানান, এজমি নিয়ে কোর্টে মামলা চলছে কোর্টের রায় না হওয়া পর্যন্ত কেউ জমিতে যেতে পারবে

না। এবং তদন্ত মোতাবেক ব্যবস্থা নেওয়া হবে।